গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার।
www.ranjagar.moulvibazar.gov.bd

## উদ্ভাবনী প্রকল্প

| ক্র:নং | উদ্ভাবনী প্রকল্পের নাম | উদ্ভাবনী প্রকল্পের বিবরণ |
|---|---|---|
| ০১ | UNESCO কর্তৃক স্বীকৃত শীতল পাটি উদ্ভাবনী প্রকল্প | রাজনগর উপজেলার ফতেপুর, পাঁচগাঁও এবং উত্তরভাগ ইউপির বেশ কিছু সংখ্যক শীতল পাটির শিল্পী রয়েছেন যাদের বানানো শীতল পাটি দেশ এবং দেশের বাইরে বেশ কদর রয়েছে। UNESCO কর্তৃক স্বীকৃত শীতলপাটির সাথে জড়িত সকল শিল্পীকে ইনোভেশন কার্যক্রম এর আওতায় অন্তর্ভুক্তির ফলে তাদের দক্ষতাবৃদ্ধি, আর্থিক সক্ষমতা বৃদ্ধি, জীবনমান উন্নয়ন এবং উৎপাদিত পন্য অধিক মূল্যের জন্য উন্নত বাজারজাত সৃষ্টি হচ্ছে। |
| ০২ | বঙ্গাবন্ধু কর্ণার ও মুক্তিযুদ্ধ পাঠাগার উদ্ভাবনী প্রকল্প | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের একটি কক্ষে মনোরম পরিবেশে আধুনিক স্থাপত্য শৈলীর আদলে বর্তমান প্রজন্মকে মুক্তিযুদ্ধ ও বঙ্গাবন্ধু সম্বন্ধে সঠিক তথ্য অবহিতকরন, জ্ঞান নির্ভর জাতি গঠনে এবং দেশপ্রেমে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বঙ্গাবন্ধু কর্নার ও মুক্তিযুদ্ধ পাঠাগার স্থাপন করা হয়েছে। বঙ্গাবন্ধু কর্ণার এর দেয়ালে বঙ্গাবন্ধুর বিশাল পোরট্রেট ছাড়াও রয়েছে পারিবারিক ছবি, বঙ্গাবন্ধু, জাতীয় চার নেতা, ভাষাশহীদ ও মুক্তিযুদ্ধের ছবি, একনজরে বঙ্গাবন্ধুর সংক্ষিপ্ত জীবনী, বিভিন্ন সময়ে বঙ্গাবন্ধুর বিভিন্ন উক্তি, তাঁর জন্ম থেকে শাহাদাতবরণ পর্যন্ত গোটা ইতিহাসের একটি ধারাবাহিক চিত্র সুদৃশ্যভাবে উপস্থাপন করা হয়েছে। মুক্তিযুদ্ধ পাঠাগারে বঙ্গাবন্ধু ও মুক্তিযুদ্ধের বিভিন্ন বই সহ সৃজনশীল ও জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখা-প্রশাখার প্রায় দুই শতাধিক বই রাখা হয়েছে। জ্ঞান নির্ভর জাতি গঠনে এবং বঙ্গাবন্ধু, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরতেই রাজনগর উপজেলা প্রশাসন কর্তৃক বঙ্গাবন্ধু কর্নার ও মুক্তিযুদ্ধ পাঠাগার ইনোভেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বঙ্গাবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা সব বয়েসের মানুষের মধ্যে ছড়িয়ে দিতে বঙ্গাবন্ধু কর্নার ও মুক্তিযুদ্ধ পাঠাগার বিশেষ ভূমিকা রাখছে। |
| ০৩ | জলের গ্রাম অন্তেহরি পর্যটন স্পট উদ্ভাবনী প্রকল্প | পর্যটন আকর্ষন স্পট জলের গ্রাম অন্তেহরী (সোয়াম্প ফরেস্ট) যা বছরে ৬ থেকে ৮ মাস জলমগ্ন থাকে। জলমগ্ন এই গ্রামে পানির উপর ভাসমান শাপলা, সোয়াম্প ফরেস্টের হিজল, তমাল, করচসহ নানা জাতি প্রজাতির জলজ উদ্ভিদ রয়েছে যা এক অন্যরকম মোহনীয় দৃশ্য। পর্যটন আকর্ষন করে গড়ে তুলার জন্য জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |